ভোরের কাগজ

JUN. 23 2002

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ...৩... কলাম ...৬...

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে সক্রিয় ছাত্র সংগঠনগুলোর সঙ্গে ছাত্রমৈত্রীর মতবিনিময়

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর কেন্টিনে গতকাল দুপুরে বিশ্ববিদ্যালয়ে সক্রিয় ছাত্র সংগঠনের কেন্দ্রীয় কমিটির শীর্ষ নেতৃবৃন্দের সঙ্গে বাংলাদেশ ছাত্রমৈত্রীর নবনির্বাচিত কেন্দ্রীয় কমিটির এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

ছাত্রমৈত্রীর নবনির্বাচিত সভাপতি সাব্বাহ্ আলী খান কলিন্সের সভাপতিত্বে মতবিনিময় সভায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ছাত্রমৈত্রীর বিদায়ী সভাপতি দীপঙ্কর সাহা দিপু, ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি মারুফা আক্তার পপি, ছাত্র ইউনিয়নের সভাপতি শরিফুজ্জামান শরিফ, সাধারণ সম্পাদক নূরে আলম, ছাত্রমৈত্রীর নবনির্বাচিত সাধারণ সম্পাদক আব্দুল আহাদ মিনার, বাসদ ছাত্রলীগের সাধারণ সম্পাদক রহমান মিজান, জাতীয়তাবাদী ছাত্রদলের সহসভাপতি শফিউল ইসলাম বারী প্রমুখ।

সভায় ছাত্রমৈত্রীর নবনির্বাচিত কমিটির নেতৃবৃন্দকে পরিচয় করিয়ে দেন ছাত্রমৈত্রীর বিদায়ী সভাপতি দীপঙ্কর সাহা দিপু।

মতবিনিময় সভায় নেতৃবৃন্দ নবনির্বাচিত কমিটিকে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের গণতান্ত্রিক পরিবেশ রক্ষার্থে এবং ছাত্র সমাজের শিক্ষার গণতান্ত্রিক সংগ্রামে ঐক্যবদ্ধভাবে ভূমিকা রাখা আহ্বান জানান।